# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(নিয়োগ শাখা)

**সার্কুলার নং- ০৩/২০১৬** **এ,** **তারিখঃ- ০৫/০৪/২০১৬ খ্রিঃ।**

**বিষয়ঃ- অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদসমূহ পূরণ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের বিজ্ঞপ্তি নং ০৪ এ, তারিখ- ২৯ মার্চ, ২০১৫ খ্রিঃ মূলে অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদসমূহ অনতিবিলম্বে নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। তৎপরবর্তীতে অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদসমূহ যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক নিয়োগ/পদোন্নতির মাধ্যমে ৩ (তিন) মাসের মধ্যে পূরণ করার জন্য অত্র কোর্ট হতে ২০/০৮/২০১৫ খ্রিঃ তারিখে ১৩, এ নং সার্কুলার জারী করা হয়। তাছাড়া অধস্তন আদালতসমূহে সহায়ক কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ অথবা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণের আবশ্যকতা নেই মর্মে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলা নং ২৫৩২/২০১৪-এ প্রদত্ত রায়ের বিষয়টি অত্র কোর্টের ২০/০৩/২০১৬ খ্রিঃ তারিখের ২০৫৯ এ, নং স্মারকমূলে প্রেরিত পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হয়েছে।

০২। তথাপিও অনেক জেলায় অধস্তন আদালতসমূহে সহায়ক কর্মচারীর শূন্য পদসমূহ অদ্যাবধি পূরণ করা হয়নি মর্মে অত্র কোর্টের দৃষ্টিগোচর হয়েছে। সহায়ক কর্মচারীর পদ শূন্য থাকায় বিচার প্রশাসনের সুষ্ঠু কার্যক্রম পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। শূন্যপদসমূহ নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ না করা এবং সে কারণে বিচার প্রশাসনের সুষ্ঠু কার্যক্রম বিঘ্নিত হওয়া একান্তভাবে অনাকাঙ্খিত ও অনভিপ্রেত এবং সর্বদা পরিত্যাজ্য।

০৩। এমতাবস্থায়, অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদসমূহ পূরণের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতঃ এ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ১৫ দিনের মধ্যে অত্র কোর্টকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | শূন্য পদের নাম | শূন্য পদের সংখ্যা | শূন্য পদের জন্য গৃহীত পদক্ষেপ | পদ পূরণে পদক্ষেপ গৃহীত না হলে তার কারণ |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |

প্রধান বিচারপতির আদেশক্রমে,

**স্বাঃ/-**


**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫১৪৬৪৬
**ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd**


**স্মারক নং- ২৫১০ (১৫)** **এ,** **তারিখঃ ০৫/০৪/২০১৬ খ্রিঃ**

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। জেলা জজ ........................................ (সকল)।
২। মহানগর দায়রা জজ ........................................ (সকল)।
৩। বিভাগীয় বিশেষ জজ ........................................(সকল)।
৪। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ........................ (সকল)।
৫। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল .................. (সকল)।
৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল .............................. (সকল)।
৭। বিশেষ জজ (জেলা জজ), ........................................ (সকল)।
৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত.............................. (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল.................. (সকল)।
১০। চেয়ারম্যান (জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট .............................. (সকল)।
১১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১৩। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৪। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত........................................ (সকল)।

(প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারককে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১৫। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষনের জন্য)

১৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-**

১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগ, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Aktaruzzaman
05.04.16

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ৯৫৬১৯৩২।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**

~~স্মারক নং~~ বিজ্ঞপ্তি নং ০৪ এ তারিখঃ-২৯/০৩/২০১৫ খ্রি.।

**বিষয়ঃ- অধস্তন আদালতসমূহে সহায়ক কর্মচারীর শূন্য পদ নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন জেলায় অধস্তন আদালতসমূহে সহায়ক কর্মচারীর বেশ কিছু পদ শূন্য আছে মর্মে জানা যায়। এসব পদ "জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯" এবং "জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮" অনুযায়ী অনতিবিলম্বে নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।

উল্লেখ্য যে, বিগত ১ নভেম্বর ২০১০ খ্রি. তারিখে জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯-এ বিধি ২ এর দফা (ঙ) এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এর বিধি ২ এর দফা (ছ) সংশোধন করে বাছাই কমিটিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব অথবা সহকারী সচিব পদমর্যাদার একজন কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করে ২টি প্রজ্ঞাপন জারী করা হয়। উক্ত সংশোধনীর বিরুদ্ধে হিউম্যান রাইটস এন্ড পীস ফর বাংলাদেশ (এইচআরপিবি) এবং অন্যান্য, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৫৫৬০/২০১২ দায়ের করে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে বিগত ১৬/১১/২০১৪ খ্রি. তারিখে উক্ত সংশোধনী বাতিল ও অকার্যকর ঘোষণা করেন। উক্ত রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সরকার সিভিল মিস পিটিশন নং- ১২২৭/২০১৪ দায়ের করলে মাননীয় চেম্বার জজ বিগত ২৬/১১/২০১৪ খ্রি. তারিখে মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশের কার্যকারিতা স্থগিত করেন। মাননীয় আপীল বিভাগের ফুল বেঞ্চ বিগত ১২/০৩/২০১৫ খ্রি. তারিখে শুনানি অন্তে ২৬/১১/২০১৪ খ্রি. তারিখের মাননীয় চেম্বার জজের স্থগিতাদেশ প্রত্যাহার করেছেন। তাই, জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ অনুযায়ী নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে বাছাই কমিটিতে আইন ও বিচার বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণের প্রয়োজন নেই।

আদেশক্রমে

স্বা/-

(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার-১ (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)।

স্মারক নংঃ- এ তারিখঃ- ২৯/০৩/২০১৫ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। জেলা জজ, ................................... (সকল)।

২। মহানগর দায়রা জজ, ....................... (সকল)।

৩। বিভাগীয় বিশেষ জজ, ..........................(সকল)।

৪। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,.......................... (সকল)।

৫। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,.......................... (সকল)।

৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,.......................... (সকল)।

৭। বিশেষ জজ (জেলা জজ), .........................(সকল)।

৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।

৯। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, .....................(সকল)।

১০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ....................(সকল)।

Akhteruzzaman 29.03.15

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
প্রথম সহকারী রেজিস্ট্রার
ফোনঃ ৯৫৬১৯৩২ ।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(নিয়োগ শাখা)

O/c
D/s
Please issue at once
-স্বা/ ২৫/৮/১৫

সার্কুলার নং- ১৬ এ, তারিখঃ-২০/০৮/২০১৫ খ্রিঃ।

**বিষয়ঃ- অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদ পূরণ সংক্রান্ত।**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের বিজ্ঞপ্তি নং ০৪ এ, তারিখ- ২৯ মার্চ, ২০১৫ খ্রিঃ মূলে অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদসমূহ অনতিবিলম্বে নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ করার জন্য অনুরোধ করা হয়।

০২। সাম্প্রতিককালে দেশের বিভিন্ন জেলার অধস্তন আদালতসমূহ পরিদর্শনকালে অনেক জেলায় সহায়ক কর্মচারীর পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে মর্মে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের দৃষ্টিগোচর হয়। সহায়ক কর্মচারীর পদ শূন্য থাকায় বিচার প্রশাসনের সুষ্ঠু কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে। পদ বিদ্যমান থাকা সত্ত্বেও শূন্যপদসমূহ নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ না করা এবং সে কারণে বিচার প্রশাসনের সুষ্ঠু কার্যক্রম বিঘ্নিত হওয়া একান্তভাবে অনাকাঙ্খিত ও অনভিপ্রেত এবং সর্বদা পরিত্যাজ্য।

০৩। এমতাবস্থায়, অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদসমূহ যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক নিয়োগ/পদোন্নতির মাধ্যমে ৩ (তিন) মাসের মধ্যে পূরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

দ্রিঃদ্রঃ সংযুক্তি অনুযায়ী

২০/৮/১৫
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ diljar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ১৭৬৩০ (১) (২৮)-এ, তারিখঃ২৬/০৮/২০১৫খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। জেলা জজ........................................(সকল)।
৩। মহানগর দায়রা জজ........................................(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ........................................(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল..................(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল..................(সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..................(সকল)।
৮। বিশেষ জজ (জেলা জজ)........................................(সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল..........(সকল)।
১১। চেয়রম্যান (জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট..................(সকল)।
১২। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত..................(সকল)।
১৬। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষনের জন্য)
১৭। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, ........................(সকল)।
~~১৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ~~

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারককে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

ইস্যু করা হইল
২৬/৮/১৫

২৬/৮/১৫
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাঃ ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলোঃ-

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতি জরুরী

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(নিয়োগ শাখা)

স্মারক নং-২০৫৯ (১৬) -এ, তারিখঃ- ২০/০৩/২০১৬ খ্রি.।

**বিষয়ঃ- অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদ পূরণে ছাড়পত্র গ্রহণের আবশ্যকতা না থাকা সংক্রান্ত।**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ Civil Petition For Leave To Appeal No. 2532 of 2014 (Government of Bangladesh and another Vs. Md. Abul Kalam Azad and others) মামলায় বিগত ১৪ ডিসেম্বর ২০১৫ খ্রি. তারিখ প্রদত্ত রায়ে সারাদেশের অধস্তন আদালতসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত অধস্তন আদালতসমূহের অনুমোদিত ও সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদ পূরণের পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয় অর্থাৎ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় অথবা জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণের আবশ্যকতা নেই এবং শূন্য পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা সংক্রান্তে ইস্যুকৃত সার্কুলারসমূহ অধস্তন আদালতের ক্ষেত্রে প্রযোজ্য নয় মর্মে সদয় সিদ্ধান্ত প্রদান করেছেন। উক্ত রায়ের কপি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে (www. supremecourt. gov.bd/ resources/ documents/895777_2532.pdf) পাওয়া যাবে।

০২। দেশের বিভিন্ন জেলার অধস্তন আদালতসমূহের অনুমোদিত সহায়ক কর্মচারীর অনেক পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় বিচার প্রশাসনের সুষ্ঠু কার্যক্রম পরিচালনা বিঘ্নিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, সারাদেশের অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর অনুমোদিত শূন্যপদসমূহ দ্রুত পূরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০/০৩/১৬

(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা জজ ........................................................................ (সকল)।
৩। মহানগর দায়রা জজ ............................................................... (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ ............................................................... (সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ........................ (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল .................. (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল .......................................... (সকল)।
৮। বিশেষ জজ (জেলা জজ), ................................................................ (সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত............................................ (সকল)।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল.................. (সকল)।
১১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.................................. (সকল)।
১৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-</u>

১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।